

## ব্যাকরণিক শব্দশ্রেণি

❖ বিশেষ্যপদ কাকে বলে ? এর শ্রেণিবিভাগ আলোচনা করো। ১৬, ১৭, ১৯  
যে শব্দ দ্বারা কোনো ব্যক্তি, বস্তু, স্থান, জাতি, সমষ্টি, গুণ বা অবস্থার নাম বোঝানো হয়, তাকে বিশেষ্য (noun) বলে। যেমন- নজরুল বিদ্রোহী কবি। মেঘনা বড় নদী।  
বিশেষ্য পদ প্রধানত ৬ প্রকার-

১. নামবাচক বিশেষ্য  
যে শব্দশ্রেণি দ্বারা কোনো ব্যক্তি, স্থান, দেশ, নদী, পর্বত প্রভৃতির নাম বোঝানো হয়, তাদেরকে নামবাচক বা সংজ্ঞাবাচক বিশেষ্য (Proper noun) বলে। যেমন- করিম, ঢাকা, বাংলাদেশ, পদ্মা, হিমালয় ইত্যাদি।
২. জাতিবাচক বিশেষ্য  
যে শব্দশ্রেণি দ্বারা কোনো একজাতীয় পদার্থকে বোঝানো হয়, তাদেরকে জাতিবাচক বিশেষ্য (Common noun) বলে। যেমন- মানুষ, পাখি, বাঙালি, গাছ, নদী, পর্বত ইত্যাদি।
৩. বস্তুবাচক বিশেষ্য  
যে শব্দশ্রেণি দ্বারা কোনো দ্রব্য বা বস্তু বোঝানো হয়, তাদেরকে বস্তুবাচক বিশেষ্য (Material noun) বলে। যেমন- মাটি, পানি, বাতাস, কাঠ, লোহা, পাথর ইত্যাদি।
৪. গুণবাচক বিশেষ্য  
যে শব্দশ্রেণি দ্বারা কোনো দোষ বা গুণ বোঝানো হয়, তাদেরকে গুণবাচক বিশেষ্য (Abstract noun) বলে। যেমন- সত্যতা, তারুণ্য, সৌন্দর্য, বীরত্ব, তিক্ততা, শঠতা ইত্যাদি।
৫. সমষ্টিবাচক বিশেষ্য  
যে শব্দশ্রেণি দ্বারা ব্যক্তি বা বস্তুর সমষ্টি বোঝানো হয়, তাদেরকে সমষ্টিবাচক বিশেষ্য (Collective noun) বলে। যেমন- সভা, সমিতি, শ্রেণি, জনতা, বাহিনী, বাঁক ইত্যাদি।
৬. ক্রিয়াবাচক বিশেষ্য  
যে শব্দশ্রেণি দ্বারা কোনো ক্রিয়ার ভাব প্রকাশিত হয়, তাদেরকে ক্রিয়াবাচক বিশেষ্য (Verbal noun) বলে। যেমন- থাকা, খাওয়া, যাওয়া, হওয়া ইত্যাদি।

❖ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা করো।

সর্বনাম পদ ১০ প্রকার-

০১. ব্যক্তিবাচক সর্বনাম  
যে সমস্ত সর্বনাম পদ দ্বারা কোনো ব্যক্তিকে বোঝানো হয়, তাদেরকে ব্যক্তিবাচক সর্বনাম (Personal Pronoun) বলে। এ সর্বনাম বাক্যের তিন প্রকার পক্ষ বা পুরুষ (বক্তা, শ্রোতা ও অন্য) নির্দেশ করে।  
যেমন- আমি, তুমি, তিনি, উনি, সে ইত্যাদি।
০২. আত্মবাচক সর্বনাম  
কর্তা নিজেই কোনো কাজ করছে, এ ভাবটি বোঝাতে যে সমস্ত সর্বনাম পদ ব্যবহৃত হয়, তাদেরকে আত্মবাচক সর্বনাম (Reflexive Pronoun) বলে। যেমন- নিজে, আপনি, খোদ, সমুদয়, স্বয়ং ইত্যাদি।
০৩. নির্দেশক সর্বনাম  
যে সমস্ত সর্বনাম পদ বক্তার কাছ থেকে কোনো কিছু নৈকট্য বা দূরত্ব নির্দেশ করে, তাদেরকে নির্দেশক সর্বনাম (definite Pronoun) বলে। যেমন- এ/ও, এরা/ওরা, একে/ওকে, ইনি/উনি ইত্যাদি।
০৪. অনির্দেশক সর্বনাম  
যে সমস্ত সর্বনাম কোনো অনির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা ভাবের পরিবর্তে ব্যবহৃত হয়, তাদেরকে অনির্দেশক সর্বনাম (Indefinite Pronoun) বলে। যেমন- কেউ, কারও, কাকেও, কিছু, কোনো ইত্যাদি।
০৫. প্রশ্নবাচক সর্বনাম  
প্রশ্ন বা জিজ্ঞাসা বোঝাতে যে সমস্ত সর্বনাম পদ ব্যবহৃত হয়, তাদেরকে প্রশ্নবাচক সর্বনাম (Interrogative Pronoun) বলে। যেমন- কে, কাকে, কীসে, কোন্টা, কার, কারা ইত্যাদি।